জীবননগরে প্রধানমন্ত্রীর ঈদ উপহার বাড়ি পেল ২৪টি পরিবার

পবিত্র ঈদুল ফিতরের বাকি আর মাত্র কয়েকদিন। উৎসবের আমেজ বিরাজ করছে মানুষের মাঝে। সাধারন মানুষের মাঝে চলছে পছন্দের জামা কাপড়সহ যাবতীয় কেনা কাটা।

তবে এবার সাধারন মানুষের চেয়ে জীবননগর উপজেলায় এবার ভিন্ন হচ্ছে গৃহহীন ভূমিহীন ২৪টি পরিবারের ঈদ আনান্দ। ভিন্ন রকম এক ঈদ আনান্দে মাতবেন এই পরিবার গুলোর সদস্যরা ।

মঙ্গলবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে সকাল সাড়ে ১১টার সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে জীবননগর উপজেলার ২৪টি গৃহহীন ও ভূমিহীন পরিবারের হাতে জমির দলিল ও ঘরের চাবি হস্তান্তর করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম,সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকীসহ উপকারভোগী, সুধী ও সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মূল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে খরিপ-১/২০২১-২২ অর্থ বছরে প্রণোদনা

কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনা মূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে উপজেলার বিভিন্ন গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সাংসদ এ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, সহকারি কমশিনার (ভুমি) নিরুপমা রায়, উপজেলা কৃষি অফিসার মোঃ মহাসিন আলী, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি।

ঈদে জমিসহ ঘর পেয়ে খুশি কোটচাঁদপুরের ভূমিহীন পরিবার

আসছে ঈদে জমিসহ আধা-পাকা নতুন ঘর পেয়ে খুশিতে আত্মহারা কোটচাঁদপুর উপজেলার ভূমিহীন-গৃহহীন পরিবারগুলো।

মুজিব শতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসাবে আশ্রয়ন প্রকল্পের তৃতীয় ধাপে উপজেলার ৯৭টি ভূমিহীন-গৃহহীন পরিবার পাচ্ছেন প্রধানমন্ত্রীর এই উপহার।

মঙ্গলবার বেলা ১১ টার দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তৃতীয় ধাপে নির্মিত এসব ঘরগুলো উদ্বোধন করেন।

প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালী যুক্ত হয়ে কোটচাঁদপুর উপজেলার প্রথম পর্যায়ে ১৪টি ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে ঘরের দলিল হস্তান্তর করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে গৃহ হস্তান্তর অনষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ভূমিহীন পরিবারের মাঝে জমিসহ ঘর হস্তান্তর করেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, সহকারি কমিশনার (ভুমি) নিরুপমা রায়, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, সাবেক কমান্ডর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খাঁন বাবুল প্রমূখ।

হরিণাকুন্ডুতে প্রধানমন্ত্রী ঘর পেলো ৩২ পরিবার

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার হিসেবে ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার ৩২টি পরিবারকে পাকা ঘর প্রদান করা হয়।

মঙ্গলবার প্রধানমন্ত্রী তার সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে সারা দেশে একযোগে তৃতীয় পর্যায়ের জমির দলিল ও নির্মাণকৃত ঘরের চাবি প্রদান কর্মসূচি উদ্বোধন করেন।

মঙ্গলবার সকাল ১১টায় উপজেলা পরিষদের মিলনায়তনে আনুষ্ঠানিক ভাবে এ ৩২টি ঘরের চাবি তুলে দেওয়া হয় পরিবার গুলোর মধ্যে। প্রতিটি ঘর তৈরিতে খরচ করা হয়েছে ২ লাখ ৫৯ হাজার ৫শ টাকা।

হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহা জানান, মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশে ঈদ উপহার হিসেবে উপজেলার গৃহহীন ও ভুমিহীন ৩২টি পরিবারের মাঝে ঘর দেওয়া হয়।

হরিণাকুন্ডু উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মফিজ হাসান জানান, প্রতিটি পরিবারকে ২ শতক জমির উপর ২ কক্ষ বিশিষ্ট ঘর,বাথরুম করে দেওয়া হয়েছে। দেওয়া হয়েছে বিদ্যুৎ সংযোগ,

টিউবওয়েল। তিনি জানান, এই ঘর গুলো নির্মাণে সার্বিক খোজ খবর নিয়েছেন ইউএনও সুস্মিতা সাহা।

গাংনীতে ভিজিডির চাউল বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতৃলবাড়িয়া ইউনিয়নের অসহায় দুস্থ প্রায় সাড়ে চার হাজার পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল (ভিজিডি) এর চাউল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকাল ৯ টার সময় তেঁতুল বাড়িয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে চাউল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন ইউপি চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা বিশ্বাস।

এসময় ট্যাগ অফিসার সহকারি শিক্ষা অফিসার শহিদুল্লাহ,ইউপি সচিব শাহিনুর রহমান, ইউপি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইউনিয়নের সাড়ে চার হাজার পরিবারকে ১০ কেজি করে চাউল প্রদান করা হয়। ঈদুল ফিতরের আগে প্রদানকৃত ভিজিডির চাউল পেয়ে আনন্দ প্রকাশ করেন ইউনিয়নবাসী।

গাংনীতে ২৮ পরিবার পেল জমি ও ঘর

মেহেরপুরের গাংনীতে ২৮ পরিবার পেলেন জমি ও ঘর। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার হিসেবে মাথা গোজার ঠাঁই পেলেন তারা।

মঙ্গলবার দুপুরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে জমি ও ঘরের মালিকানা বুঝিয়ে দেওয়া হয়। ঘরবাড়ি পেয়ে সন্তোষ প্রকাশ করেন উপকারভোগীরা।

ভূমিহীন ও গৃহহীনদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই উদ্যোগ বিশ্বের মধ্যে একটি দৃষ্টান্ত বলে মন্তব্য করেন অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা।

প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প ২ এর আওতায় তৃতীয় পর্যায়ে গাংনী উপজেলায় প্রাপ্ত ৩৯টি।এর মধ্যে মটমুড়া ইউপিতে ৬টি, তেঁতুলবাড়ীয়া ইউপিতে ৯টি ও ধানখোলা ইউপিতে ৪টি।

দুই শতক জমি ও দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা ঘরের সাথে রয়েছে রান্নাঘর, টয়লেট ও বারান্দা। গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস (পিআইও) আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী ইউএনও মৌসুমি খানম।

প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী ও মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

অনুষ্ঠানে ঘরের মালিকানা হস্তান্তরের পাশাপাশি ইফতার দেওয়া হয়। পিআইও অফিস সুত্রে জানা গেছে, কার্য সম্পাদন সাপেক্ষে ২৮টি ঘর হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ এর উদ্যোগে অসহায়, দুস্থ, প্রতিবন্ধী ও মাতৃক্লাব সদস্যদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্থ এসব পরিবারের সদস্যদের মাঝে চাউল, ডাউল, তেল, আটা, সেমাই, চিনিসহ বিভিন্ন খাদ্য তুলে দেওয়া হয়।

মঙ্গলবার দুপুরে গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ গাংনী উপজেলা কার্যালয় এ অনুষ্ঠানের আয়োজন করে।

মেহেরপুর ইম্প্যাক্ট ফাউন্ডেশন প্রশাসক শফিকুল ইসলামের সভাপ্রতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার মুনসুর আলী।

ইম্প্যাক্ট ফাউন্ডেশন গাংনী উপজেলা ম্যানেজার শামীম আহম্মেদের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিধি হিসেবে বক্তব্য রাখেন নারী নেত্রী নুরজাহান বেগম, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা।

করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্থ অসহায় দুস্থ প্রতিবন্ধী ও মাতৃক্লাবের দুই শতাধিক পরিবারের সদস্যদের হাতে ঈদ উপলক্ষে খাদ্য সহায়তা তুলে দেয়া হয়।

মুজিবনগরে প্রতিবন্ধী বাবুর আলী পেলো নতুন দোকান

মুজিবনগরে সংসার চালানোর একটিই মাত্র সম্বল চায়ের দোকান রাতের আধারে পুড়ে ছাই হয়ে যায় দোকান মালিক প্রতিবন্ধী বাবুর আলীর পেলো নতুন দোকান।বিভিন্ন নিউজ পোর্টালে দোকান পুড়ে যাওয়ার খবর জানতে পেরে ইনফান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশন নামের একটি সমাজসেবা মূলক সংগঠন মঙ্গলবার সকালে নতুন দোকানসহ দোকানের যাবতীয় মালামাল তার হাতে তুলে দেন।
এদিকে, দোকান পুড়ে যেয়ে নিঃস হয়ে যাওয়া প্রতিবন্ধী বাবুর আলী নতুন দোকান পেয়ে পুনরায় তার মুখে হাসি ফুটেছে।
ইনফান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সদস্যরা বাবুর আলীর হাতে দোকানের চাবি তুলে দেয়ার সময় সংগঠনের সভাপতি জিএম রাফিদ আলম বলেন, আমরা গতকাল বিভিন্ন নিউজের মাধ্যেমে জানতে পারি রাতের আধারে বাবুর আলীর দোকান পুরে যাওয়ায় নিঃস হয়ে পড়েন তিনি। পরবর্তিতে আমার সকল সদস্যদের কাছে আলাপ করে তাকে নতুন দোকান করে দেবার সিদ্ধান্ত নিই।
এদিকে, নতুন দোকান পেয়ে বাবুর আলী সংগঠনটির প্রতি কৃতঞ্জতা প্রকাশ করেন।

এ সময় উপস্থিত ছিলেন,ইভেন্ট ম্যানেজমেন্টের প্রধান মারুফ হাসান,সদস্য উম্মে কনিকা,ইশতিয়াক আহমেদ,নাঈমুর রহমান বর্ণ। উল্যেখ্য,সোমবার দিবাগত রাত পৌনে একটার দিকে মুজিবনগর উপজেলার গোপালনগর যাত্রী ছাউনীর পাশে থাকা প্রতিবন্ধী বাবুর আলীর চায়ের দোকান অজ্ঞাত আগুনে পুড়ে যায়।

মুজিবনগরে ১১ টি পরিবার পেল প্রধানমন্ত্রীর ঈদ উপহার পাকা ঘর

‘এক আকাশের নীচে একটি দেশ, অপার সম্ভাবনার বাংলাদেশ’- এই অঙ্গীকার নিয়ে দেশব্যাপী আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গনভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সমগ্র দেশে ৩২ হাজার ৯০৪টি গৃহহীন-ভূমিহীন দুস্থ পরিবারের কাছে ঈদ উপহার হিসেবে জমির দলিলসহ বাড়ি হস্তান্তরের উদ্বোধন করেন।

মুজিবনগর উপজেলা মিলনায়তনে উপজেলার ১১ টি পরিবারকে তুলে দেওয়া হয় এই দলিল এই আড়ম্বরপূর্ণ আয়োজনে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার উপজেলা আওয়ামী লীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, জেলা আওয়ামী লীগ এর সদস্য রফিকুল ইসলাম তোতা ,মোনাখালি ইউনিয়ন এর চেয়ারম্যান মফিজুর রহমান,বাগোয়ান ইউনিয়ন এর চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন এর চেয়ারম্যান রবি, সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, মুজিবনগর উপজেলা আবাসিক চিকিৎসক মাহমুদুর রহমান শিমুল, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক গন সহ অন্যান্য অনেকে।

গাংনীতে অগ্নিকান্ডের ঘটনায় নগদ টাকাসহ ২ লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত

গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে চুলার আগুন থেকে অগ্নিকান্ডের ঘটনায় বসতবাড়ি পুড়ে গেছে। এতে ওই বাড়িতে রাখা নগদ টাকাসহ রান্না ঘর ও গোয়াল পুড়ে প্রায় ২ লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত হয়েছে।

সোমবার (২৫ এপ্রিল), বিকেল সাড়ে ৫ টার দিকে সহড়াতলা গ্রামের মধ্যপাড়া এলাকার হতদরিদ্র ইসরাইল হোসেন পটলের বাড়িতে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।
গৃহকর্তী আলতাফন নেছা জানান, চুলায় রান্না করার সময় হঠাৎ আগুন লেগে যায়। রান্না ঘর থেকে আগুনের লেলিহান শিখা বসতবাড়ি ও গোয়াল ঘরে ছড়িয়ে পড়ে। ঘরে রাখা নগদ ৩০ হাজার টাকা ও অন্যান্য মালামাল পুড়ে প্রায় দুই লক্ষ টাকার ক্ষতি হয়। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টার পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসকে খবর দেন।
বামুন্দী ফায়ার সার্ভিসের কর্মকতা মহিউদ্দিন ও ইসাহাক আলী জানান, ফায়ার সার্ভিসের একটি ইউনিট অগ্নিকান্ডের সংবাদ পেয়ে ঘটনাস্থলে এসে চেষ্টার পরে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন।